

জবিতে প্রথম বর্ষের ক্লাস শুরু ২২ জুন: উপাচার্য



জবি প্রতিনিধি

প্রকাশ: ১৭ মে ২০২৫ | ১২:৪৯ | আপডেট: ১৭ মে ২০২৫ | ১২:৫৩



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ প্রথম সেমিস্টার ক্লাস ২২ জুন শুরু হবে বলে জানিয়েছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. রেজাউল করিম। শনিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. রেজাউল করিম সামাজিক যোগাযোগ মাধ্যমে তিনি এ তথ্য জানান।

সমকালকে তিনি বলেন, প্রথম বর্ষে ভর্তি শেষ পর্যায়ে আছে। সর্বশেষ তথ্য অনুযায়ী ৯৫ শতাংশ শীক্ষার্থী ভর্তি হয়ে গেছে। তৃতীয় মেরিট মেরিটের ভর্তি শেষ। চতুর্থ মেরিট লিস্টেই বাকি আসনগুলো পূর্ণ হয়ে যাবে। আশা করি, আমরাই প্রথম দুদের পর পরই প্রথম বর্ষের ক্লাস শুরু করবো।

চার দাবিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) শিক্ষক-শিক্ষার্থীদের আন্দোলন শুক্রবার শেষ হয়েছে। ৭০ শতাংশ শিক্ষার্থীর আবাসন বৃত্তি, পূর্ণাঙ্গ বাজেট, দ্বিতীয় ক্যাম্পাস বাস্তবায়ন এবং শিক্ষার্থীদের ওপর পুলিশি হামলার তদন্ত ও বিচার দাবিতে আন্দোলন চলছিল। শুক্রবার জুমার নামাজের পর গণঅনশন করেন শিক্ষক-শিক্ষার্থীরা। শিক্ষার্থীদের সব দাবি পূরণের ঘোষণা দেয় সরকার। শুক্রবার সন্ধ্যা সাড়ে ৭টায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক রেজাউল করিম এ কথা জানান। এর পর বিশ্ববিদ্যালয় মঞ্চুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক এস এম এ ফায়েজ পানি পান করিয়ে শিক্ষার্থীদের অনশন ভাঙ্ডান। শিক্ষক-শিক্ষার্থীদের চার দফা দাবি মেনে নেওয়ায় উচ্ছ্বসিত ছিলেন শিক্ষার্থীরা। এরপরই রাজধানীতে নামে মুষলধারায় বৃষ্টি। এসময় বৃষ্টিতে ভিজে বিজয় উল্লাস যেন আরও বেড়ে যায় শিক্ষার্থীদের। এরপর টানা তিনিনের আন্দোলন শেষে শুক্রবার রাতে হাসিমুখে ক্যাম্পাসে ফেরেন তারা।

জবি উপাচার্য বলেন, ‘আমাদের শিক্ষার্থীদের দাবি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের পরিচালনা বাজেট বৃদ্ধির মাধ্যমে প্রথম দাবির বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। একই সঙ্গে আবাসন সংকট নিরসনে অঙ্গীয়ানী হল নির্মাণের কাজ শিগগির শুরু হবে। আর দ্বিতীয় ক্যাম্পাসের কাজ অগ্রাধিকার ভিত্তিতে করা হবে।’